গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬-২৫৮ তারিখঃ ১৮-০৭-২০১৭

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (মে/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০-০৫-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (মে/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (জুলাই,২০১৭) মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ১৮-০৭-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

১৮/৭/১৭

(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov,com

**কার্যার্থে অনুলিপিঃ (জ্যৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০২। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৩। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৪। উপ-প্রকল্প পরিচালক, সমাপ্ত মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
০৫। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৬। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (মে/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ৯.৩০ ঘটিকা।
তারিখ : ২০ জুন , ২০১৭ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।
সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

**১। আলোচ্য বিষয়-১:** ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত এপ্রিল, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৮-০৫-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত এপ্রিল/২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে চাহিত অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ সংক্রান্ত রংপুর বিভাগের দিনাজপুর জেলা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে তথ্য পাওয়া যায়নি। এছাড়া এসেম্বল সেন্টারের জন্য ঢাকা বিভাগের ঢাকা, নরসিংদী, রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে কোন তথ্য পাওয়া যায়নি। সভাপতি সংশ্লিষ্ট জেলা অফিস হতে জরুরী ভিত্তিতে তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য বিভাগীয় উপ–পরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, গত ২৭/০৫/২০১৭ ইং তারিখ দৈনিক জনকণ্ঠ পত্রিকায় প্রকল্পের কার্যক্রমের উপর একটি রিপোর্ট প্রকাশিত হয়েছে, যা ইতোমধ্যে মহাপরিচালক মহোদয় বরাবরে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় চালুকৃত ২টি নতুন শস্যগুদামের মালামাল-এর পূর্ণাঙ্গ ইনভেন্টরী ইতোমধ্যে প্রস্তুত পূর্বক সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন মালামালের বিস্তারিত ইনভেন্টরী তৈরী করা হয়েছে। প্রকল্প কার্যালয়ে ব্যবহৃত মালামাল প্রকল্প শেষে চাহিদা অনুযায়ী বিতরনের জন্য ইনভেনটরি তৈরী পূর্বক অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার এবং শৈলকূপা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে দিয়ে যথাক্রমে ভবানীপুর বাজার এসেম্বল সেন্টার ও মদনডাঙ্গা বাজার এসেম্বল সেন্টার উদ্বোধন করা হয়েছে। আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করার কার্যক্রম অব্যাহত আছে।

প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্প সভাকে জানান যে,সফটওয়ার তৈরির কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক তা তৈরীর বিষয়টি চলমান রয়েছে। ইতোমধ্যে একাধিক বার ঢাকা হতে প্রকাশিত 'সাপ্তাহিক বাংলা বার্তা' ও বিভিন্ন সংগঠনের সুব্যিনিরে প্রচারের উদ্দ্যেশ্যে প্রকাশ করা হয়েছে। সংস্কারকৃত শস্যগুদামগুলো ধারাবাহিকভাবে চলমান রাখার নিমিত্ত অগ্রীম ভাড়া প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।সংশ্লিষ্ট

সরবরাহকারীকে মেশিনারীজগুলোর ব্যবহার নির্দেশিকা প্রস্তুত পূর্বক দাখিল করার জন্য বলা হয়েছে। মেশিনারীজগুলোর পরিচালনা পরীক্ষা (অপারেশনাল টেস্ট) এর জন্য ভোল্টেজ অনুযায়ী প্রয়োজনীয় বিদ্যুৎ ভোল্টেজ সংযোগ স্থাপনের জন্য জেলা বাজার কর্মকর্তা খুলনাকে অনুরোধ করা হয়েছে।

প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) সভাকে অবহিত করেন যে, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার এসেম্বল সেন্টার নির্মাণ কাজের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। প্রকল্প কার্যক্রম স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা করা হয়েছে। সিদ্ধান্ত মোতাবেক আরএডিপি বরাদ্দের ১০০% অর্থ ব্যয় করার জোর কর্ম তৎপরতা অব্যাহত আছে।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রাজশাহী সভাকে জানান যে, সমাপ্ত এফএমজি কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় করা হচ্ছে এবং ইতোমধ্যে অবিতরণকৃত ১০টি ভ্যানের মধ্যে জয়পুরহাট জেলায় ০৪টি ভ্যান বিতরণ করা হয়েছে এবং অবশিষ্ট ০৬টি ভ্যান বিতরণের চেষ্টা অব্যাহত আছে।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রদর্শনী বোর্ড তৈরী ও স্থাপনের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী ২০টি ঘর নির্মাণ করার জন্য টেন্ডার আহবান করা হয়েছে। সে প্রেক্ষিতে ইতোমধ্যে ১৬টি ঘরের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। মুন্সীগঞ্জ জেলায় ৩টি এবং রাজশাহী জেলায় ১টি ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে। আগামী ৩০-০৬-২০১৭ তারিখের মধ্যে উল্লেখিত ৪টি ঘর নির্মাণের কাজ শেষ হবে।

"ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী" এর কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, পিপিএনবি এর আলোকে ২০১৬-১৭ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থে কর্মপরিকল্পনা অনুসারে সকল দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদান করা হয়েছে। এছাড়া ৫০টি কৃষক বিপণন দল গঠন করা হয়েছে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>প্রকল্প/কর্মসূচি পরিচালক |

**৩। আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে আরএডিপিতে মোট ৭২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। ইতোমধ্যে উক্ত বরাদ্দের বিপরীতে মোট ৭২৫.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং মে/২০১৭ পর্যন্ত সর্বমোট ৬৮৯.২৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৫.০৭%। কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত ১১৪.০০ লক্ষ টাকা বরাদ্দ এর বিপরীতে মোট ১১৪.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে মে/২০১৭ পর্যন্ত সর্বমোট ৪১.২৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৩৬.১৭%।

**৩.২** অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পের প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তি সাপেক্ষে অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ বিষয়ে রংপুর বিভাগের দিনাজপুর জেলা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে তথ্য পাওয়া যায়নি। এছাড়া এসেম্বল সেন্টারের জন্য ঢাকা বিভাগের ঢাকা, নরসিংদী, রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর এবং বরিশাল বিভাগের বরিশাল জেলার সংশ্লিষ্ট জেলা বাজার কর্মকর্তাগণ বারবার তাগিদ দেয়ার পর তথ্য প্রদান না করায় তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। এবং আগামী ২০ জুলাই/২০১৭ তারিখের মধ্যে তথ্য প্রদান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.২.১ | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে জমি প্রাপ্তির বিষয়ে রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা, ঢাকা বিভাগের ঢাকা ও নরসিংদী জেলার সংশ্লিষ্ট জেলা বাজার কর্মকর্তাগণের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আগামী ২০ জুলাই/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা কর্তৃক তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক |

৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংগ) প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ১১০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ১১০.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে যার বিপরীতে মে/২০১৭ পর্যন্ত ১০৭.২৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৭.৪৮%। প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামগুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত শস্যগুদামের মালামাল-এর পূর্ণাংগ ইনভেন্টরী এবং প্রকল্পের কোথায় কোন মালামাল আছে তার তথ্য সদর দপ্তরে এছাড়া প্রকল্পের আওতায় নির্মিত এসেম্বল সেন্টার গুলো দ্রুত উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ ও প্রকল্পের যাবতীয় মালামাল হস্তান্তর/গ্রহণ করার জন্য কমিটি গঠনসহ আগামী ২০শে জুলাই এর মধ্যে পিসিআর জমা দেয়ার জন্য সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৩.১ | প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামগুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত শস্যগুদামের মালামাল-এর পূর্ণাংগ ইনভেন্টরী এবং প্রকল্পের কোথায় কোন মালামাল আছে তার তথ্য সদর দপ্তরে প্রেরণ এবং আগামী ২০শে জুলাই এর মধ্যে পিসিআর জমা করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.২ | প্রকল্পের যাবতীয় মালামাল হস্তান্তর/গ্রহণ করার জন্য কমিটি গঠন করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাঃ) |

৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ২৮১.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ২৮১.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। মে/২০১৭ পর্যন্ত ২৬২.০৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৩.২৫%। প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়ার তৈরীর টেন্ডার কার্যক্রম দ্রুত শেষ, শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত শস্যগুদামের মালামাল-এর পূর্ণাংগ ইনভেন্টরী প্রস্তুত এবং প্রকল্পের আওতায় সংগৃহিত মালামালের পূর্ণাঙ্গ ইনভেন্টরী প্রস্তুত পূর্বক তা সদর দপ্তরে প্রেরণ, সংস্কারকৃত শস্যগুদামগুলো ধারাবাহিকভাবে চলমান রাখার নিমিত্ত অগ্রীম ভাড়া প্রদান, সংগৃহীত মেশিনারীগুলোর একটি ব্যবহার নির্দেশিকা প্রস্তুত এবং আগামী ২০শে জুলাই এর মধ্যে পিসিআর জমা দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৪.১ | প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়ার তৈরীর টেন্ডার কার্যক্রম দ্রুত শেষ, শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত শস্যগুদামের মালামাল-এর পূর্ণাংগ ইনভেন্টরী এবং প্রকল্পের মালামালের তথ্য সদর দপ্তরে প্রেরণ, সংস্কারকৃত শস্যগুদামগুলো ধারাবাহিকভাবে | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) অধীনে সংগৃহিত। |

| | | |
|---|---|---|
| | চলমান রাখার নিমিত্ত অগ্রীম ভাড়া প্রদান, সংগৃহীত মেশিনারীগুলোর একটি ব্যবহার নির্দেশিকা তৈরী এবং আগামী ২০শে জুলাই এর মধ্যে পিসিআর জমা করতে হবে। | |

৩.৫: **"সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)"** প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৩৪.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৩৩৪.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। মে/২০১৭ পর্যন্ত ৩১৯.৯৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৫.৮১%। মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কার্যক্রম দ্রুত শেষ করার জন্য তাগিদ প্রদান অব্যাহত রাখতে সভাপতি পুনরায় নির্দেশ দেন। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং প্রকল্পের কার্যক্রম জাতীয় পত্রিকায় ও ইলোকট্রনিক মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন। সভাপতি প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ২০১৭-১৮ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক তা বাস্তবায়নের জোর তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে এবং সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৩.৫.২ | প্রকল্পের কার্যক্রম জাতীয় পত্রিকায় ও ইলোকট্রনিক মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |

৩.৬: **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** সমাপ্ত এফএমজি কর্মসূচী'র বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবিতরনকৃত ভ্যান দ্রুত বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে বিভাগীয় উপ-পরিচালক, রংপুরকে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত দাখিল করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এনসিডিপি মার্কেটসমূহ স্থানীয় এলাকার নাম অনুসারে নামকরণ করতে ও পরিচালনায় কৃষি বিপণন অধিদপ্তরের নাম উল্লেখ করে প্রতিটি মার্কেটের সম্মুখভাগে নামফলক স্থাপনের ব্যবস্থা করতে সভাপতি পুনরায় নির্দেশ দেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৬.১ | রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি বন্ধ মার্কেট চালুকরণ/বিকল্প ব্যবহার প্রসঙ্গে মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর বরাবর পুনরায় পত্র প্রেরণ করতে হবে এবং প্রেরিত পত্রের প্রত্যুত্তরের পর মন্ত্রনালয়ে প্রেরণযোগ্য একটি পূর্নাংগ প্রতিবেদন প্রস্তুত করে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক, রংপুর |
| ৩.৬.২ | এনসিডিপি মার্কেটসমূহ স্থানীয় এলাকার নাম অনুসারে নামকরণ করতে হবে এবং পরিচালনায় কৃষি বিপণন অধিদপ্তরের নাম উল্ল্যেখ করে প্রতিটি মার্কেটের সম্মুখভাগে নামফলক স্থাপনের ব্যবস্থা করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী ও রংপুর। |

৩.৭: **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"** বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত মোট বরাদ্দ ৫৯.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৫৯.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে মে/২০১৭ পর্যন্ত সর্বমোট ৪১.২৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৬৯.৯০%। ২০১৬-১৭ অর্থ বছরের নিধারিত ২০ টি আলুর মডেল ঘর ৩০জুন, ২০১৭ মাসের পূর্বেই নির্মাণ কাজ

সমাপ্ত করে চলতি মৌসুমে আলু সংরক্ষণে যথাযথ পরিকল্পনা গ্রহণ ও আলুর ঘরগুলো যথাযথ ব্যবহারের উদ্দেশ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৭.১ | ২০১৬-১৭ অর্থ বছরের নিধারিত ২০ টি আলুর মডেল ঘর ৩০জুন, ২০১৭ মাসের পূর্বেই নির্মাণ কাজ সমাপ্ত করে চলতি মৌসুমে আলু সংরক্ষণ এবং আলুর ঘরগুলো যথাযথ ব্যবহারের উদ্দেশ্যে যথাযথ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

**৩.৮ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ** বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে মোট বরাদ্দ ৫৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৫৫.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং সময় স্বল্পতার করণে বরাদ্দের বিপরীতে মে/২০১৭ পর্যন্ত কোন টাকা ব্যয় করা হয়নি। কর্মসূচির অগ্রগতি মে/২০১৭ পর্যন্ত এত কম হওয়ার বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে জানান যে, অর্থ বছরের শেষ দিকে অর্থছাড় হওয়ায় আর্থিক অগ্রগতি কর্ম হলেও বাস্তব অগ্রগতি ভাল হয়েছে। পিপিএনবি এর আলোকে ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুসারে অতিদ্রুত কার্যক্রম সম্পন্ন, কর্মসূচির নির্দেশিকা প্রণয়ন এবং ইতোমধ্যে গঠিত কমিটি তাদের কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ১৫ জুলাই/২০১৭ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ফলে ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচিটি একটি নতুন আঙ্গিকের কর্মসূচি সেহেতু আগামী ০২ মাসের মধ্যে যাবতীয় প্রচার প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৮.১ | পিপিএনবি এর আলোকে ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুসারে অতিদ্রুত কার্যক্রম সম্পন্ন, কর্মসূচির নির্দেশিকা প্রণয়ন এবং ইতোমধ্যে গঠিত কমিটি তাদের কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ১৫ জুলাই/২০১৭ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | কর্মসূচী পরিচালক ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

**৩.৯: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। অর্থ বছরের (২০১৬-১৭) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের কার্যাদেশ টেন্ডার সিডিউলের নির্ধারিত স্পেসিফিকেশনের ভিত্তিতে পণ্য সামগ্রীর গুনগতমান বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৮.১ | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৩.৮.২ | অর্থ বছরের (২০১৬-১৭) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের কার্যদেশ টেন্ডার সিডিউলের নির্ধারিত স্পেসিফিকেশনের ভিত্তিতে পণ্য সামগ্রীর গুনগতমান বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রকল্প পরিচালকগন সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

ইতোমধ্যে প্রণীত ট্রেনিং সেন্টার ব্যবহার নির্দেশিকা, এসেম্বল পরিচালনা নির্দেশিকা/নীতিমালা যা স্ব-স্ব দপ্তরে প্রেরণ করা হয়েছে তা বলবৎ রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিদ্যমান মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী সকল কার্যক্রম জুন, ২০১৭ এর মধ্যে শতভাগ সম্পন্ন করে সংশ্লিষ্ট প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করতে ও APA সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা সমূহের অগ্রগতি সন্তোষজনক না

হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন। প্রকল্প সমাপ্তির পর আগামী ২০ জুলাই/২০১৭ তারিখের মধ্যে পিসিআর প্রেরণ করতে সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.২ | ইতোমধ্যে প্রণীত ট্রেনিং সেন্টার ব্যবহার নির্দেশিকা, এসেম্বল পরিচালনা নির্দেশিকা/নীতিমালা যা স্ব-স্ব দপ্তরে প্রেরণ করা হয়েছে তা বলবৎ থাকবে এবং বিদ্যমান মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৪.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী সকল কার্যক্রম জুন, ২০১৭ এর মধ্যে শতভাগ সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করতে হবে। APA সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা সমূহের অগ্রগতি সন্তোষজনক না হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।